Transparency, Effectiveness & Accountability

Change-Innovation-Reform Action Plan (CIRAP)

A Co-creation of 119th Senior Staff Course

Theme 1:
Citizen Service Delivery

Theme 2:
Knowledge Management & Skills

Theme 3:
Policy Evaluation & Formulation

Theme 4:
Performance & Efficiency Management

Theme 5:
Interconnected Government & Leadership (IGL)

Theme 6:
Transparency, Effectiveness & Accountability

Bangladesh Public Administration Training Centre
Managing Knowledge for Improved Performance

পরিবর্তন-উদ্ভাবন-সংস্কার উদ্যোগ বাস্তবায়ন কর্মপরিকল্পনা

পাইলট উদ্যোগ ০১:

সরকারি বিনিয়োগের সুষ্ঠু ব্যবহার নিশ্চিতকল্পে প্রকল্পের সম্ভাব্যতা সমীক্ষা অনুমোদনের জন্য একটি স্বতন্ত্র কর্তৃপক্ষ প্রতিষ্ঠা

পাইলট উদ্যোগ ০২:

প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সভার সিদ্ধান্ত গ্রহণ,বাস্তবায়ন ও মূল্যায়ন সংক্রান্ত নির্দেশিকা (SOP) প্রণয়নের কৌশল নির্ধারণ

পাইলট উদ্যোগ ০৩ :

বীজ কার্যক্রম পরিকল্পনা ও মূল্যায়ন ব্যবস্থার উন্নয়ন

পাইলট উদ্যোগ ০৪ :

ওএমএস মনিটরিং কার্যক্রমকে শক্তিশালীকরণ

পাইলট উদ্যোগ ০৫ :

বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশনের জন্য আইন ও গঠনতন্ত্র প্রণয়ন এবং স্থায়ী লোকবল নিয়োগ কাঠামো প্রতিষ্ঠা

পাইলট উদ্যোগ ০৬ :

ডিজিটাল গভর্নেন্স পলিসি প্রণয়ন

মিজ উর্মি তামান্না
যুগ্মসচিব
অর্থ মন্ত্রণালয়

সরকারি বিনিয়োগের সুষ্ঠু ব্যবহার নিশ্চিতকল্পে প্রকল্পের সম্ভাব্যতা সমীক্ষা অনুমোদনের জন্য একটি স্বতন্ত্র কর্তৃপক্ষ প্রতিষ্ঠা

সমস্যার বর্ণনা

বিগত সরকার সরকারি অবকাঠামো প্রকল্পে (পিআইপি) উল্লেখযোগ্য বিনিয়োগ করেছে। এর অংশ হিসেবে, মেগাপ্রকল্প নামে পরিচিত বেশ কয়েকটি বৃহৎ প্রকল্প বাস্তবায়নের জন্য প্রচুর সম্পদ ব্যয় করা হয়েছে, যা বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়নে অবদান রাখবে বলে forecast করা হয়েছিল। প্রায় সকল মেগাপ্রকল্পেরই উল্লেখযোগ্য পরিমাণে বৈদেশিক অর্থায়ন করা হয়েছে। এক্ষেত্রে যদি প্রত্যাশিত রিটার্ন নিশ্চিত না করা হয়, তাহলে জনসাধারণ কেবল তাদের প্রত্যাশিত সুবিধা এবং রিটার্ন থেকে বঞ্চিত হবে না, বরং দেশ ঋণের ফাঁদেও পড়তে পারে যা খুবই উদ্বেগজনক। গত নভেম্বর, ২০২৪-এ প্রকাশিত White Paper on State of the Bangladesh Economy: Dissection of a Development Narrative-এ একটি পরিসংখ্যান দেয়া হয়েছে। উক্ত পরিসংখানে ৭টি মেগাপ্রকল্পের অনুমাদনকালীন ব্যয় এবং কয়েক দফা সংশোধনের পর প্রকল্প সমাপ্তিতে ব্যয়ের একটি তুলনামূলক পর্যালোচনা করা হয়েছে যেখানে দেখা যায় যে,৭টি প্রকল্পের প্রাথমিক ব্যয় প্রাক্কলন ছিল ১,১৪,৫৪৭ কোটি টাকা যা প্রকল্প সমাপ্তিতে এসে দাঁড়িয়েছে ১,৯৫,১১৬ কোটি টাকা; অর্থাৎ ব্যয় বৃদ্ধি পেয়েছে ৭০.৩৪ শতাংশ (সংযুক্তি-১)। এ অতিরিক্ত ব্যয়ের অন্যতম প্রধান কারণ হল সম্ভাব্যতা সমীক্ষা এবং ডিজাইন প্রণয়ন পর্যায়ে অপর্যাপ্ত পরিকল্পনা।

সমস্যার কারণ

সম্ভাব্যতা সমীক্ষা যেকোনো প্রকল্পের মেরুদণ্ড হলেও বাংলাদেশে প্রায়শই depth এবং accuracy-এর অভাব থাকে। সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগসমূহ প্রায়শই তাড়াহুড়ো করে সম্ভাব্যতা সমীক্ষা পরিচালনা করে, মূল Ground level চ্যালেঞ্জসমূহ যেমন, পরিবেশগত প্রভাব, ভূমি অধিগ্রহণ চ্যালেঞ্জ এবং লজিস্টিক সীমাবদ্ধতার মতো গুরুত্বপূর্ণ উপাদানগুলিকে উপেক্ষা বা অবমূল্যায়ন করে প্রকল্পের benefit/ return-সমূহকে inflated করে দেখানো হয়। এই সমীক্ষাসমূহকে আনুষ্ঠানিকতা হিসাবে বিবেচনা করা হয়। ভুল অনুমান ও in-depth বিশ্লেষণের অভাবে সমীক্ষাসমূহ হয় কার্যত অবাস্তব। গত জানুয়ারি, ২০২৫-এ প্রকাশিত Task Force Report on Re-strategising the Economy and Mobilizing Resources for Equitable and Sustainable Development -এর কারণ হিসেবে দেখানো হয়েছে 'সম্ভাব্যতা সমীক্ষার জন্য অপর্যাপ্ত দক্ষতা'।

রিপোর্টে সম্ভাব্যতা সমীক্ষার যে সমস্যাগুলো চিহ্নিত করা হয়েছে তা নিম্নরূপ:

- সম্ভাব্যতা সমীক্ষা সাধারণত: কেবল আনুষ্ঠানিকতা হিসেবে গ্রহণ করা হয়;
- সমীক্ষায় প্রকল্প ঝুঁকি ও ব্যয় কমিয়ে এবং আয় বাড়িয়ে Internal rate of Return (IRR)-কে আকর্ষণীয় করে দেখানোর প্রবণতা লক্ষ্য করা যায়;
- Ground চ্যালেঞ্জ যেমন, ইউটিলিটি স্থানান্তর, শিক্ষা ও ধর্মীয় প্রতিষ্ঠান, পরিবেশগত, সামাজিক এবং জলবায়ু প্রভাবগুলি সঠিকভাবে ব্যয় এবং ঝুঁকিতে অন্তর্ভুক্ত করা হয় না;

প্রকল্প-সম্পর্কিত কতিপয় বিষয়, যেমন রোলিং স্টক এবং মানব সম্পদের বিলম্বিত প্রাপ্যতা, সেইসাথে বাস্তবসম্মতভাবে নয় এরূপ operating speed -সম্ভাব্যতা সমীক্ষায় ধরার কারণে উচ্চ পরিচালন ও রক্ষণাবেক্ষণ (O&M) খরচ, খুব কমই বিবেচনা করা হয়;

পরিবহন ও যোগাযোগ সেক্টরের মেগা প্রকল্পসহ অন্যান্য প্রকল্পের সম্ভাব্যতা সমীক্ষায় ট্র্যাফিক সংক্রান্ত প্রক্ষেপণগুলো কেবল ভিত্তি-বছরের তথ্য সহ পূর্বাভাসের উপর ভিত্তি করে প্রস্তুত করা হয়, যা অনুমানের উপর নির্ভর করে। সঠিক data এবং এর comprehensive পর্যালোচনার অভাবে সঠিকভাবে demand forecasting হয় না এবং পরবর্তীতে প্রকল্পের Outcome অর্জিত হয়না, সরকারের ঋণের বোঝা বেড়ে যায়, যেমন কর্ণফুলি টানেল প্রকল্প;

সম্পূর্ণভাবে অবাস্তবায়নযোগ্য প্রকল্পের জন্য অনেক সময় সম্ভাব্যতা সমীক্ষা করা হয় যেখানে সম্ভাব্যতা সমীক্ষাই প্রকল্প গ্রহণে means-এর পরিবর্তে deliverable হিসেবে কাজ করে যেমন, হাই স্পিড ট্রেন এবং পাতাল রেল প্রকল্পের সম্ভাব্যতা সমীক্ষা;

একাধিক সংস্থা প্রায়শই একই প্রকল্পের জন্য পৃথক সম্ভাব্যতা সমীক্ষা পরিচালনা করে, যার ফলে অতিরিক্ত অর্থ ব্যয় এবং সম্পদের অপচয় হয় (যেমন, RHD এবং BBA দ্বারা N1 এক্সপ্রেসওয়ের জন্য, অথবা RHD এবং BBA দ্বারা রিং রোড প্রকল্পের সম্ভাব্যতা সমীক্ষা);

কিছু সম্ভাব্যতা সমীক্ষা এমন সংস্থাগুলি দ্বারা পরিচালিত হয় যাদের সম্ভাব্যতা সমীক্ষা করার জন্য যথাযথ আইনি বা পরিচালনাগত এখতিয়ার নেই যেমন, RHD কে বাইপাস করে ব্রিজ মাস্টার প্ল্যান বা DMTCL কে বাইপাস করে সাবওয়ে পরিকল্পনা করা।

সমস্যার ফলাফল

অপর্যাপ্ত সম্ভাব্যতা সমীক্ষার কারণে প্রকল্পসমূহ বাস্তবায়ন পর্যায়ে ডিজাইন পরিবর্তন করতে হয়, Scope পরিবর্তন করতে হয়, প্রকল্পের ব্যয় বেড়ে যায়, সময় বৃদ্ধি পায়, উদ্দেশ্য ও outcome-এর মধ্যে হয়ে যায় বিস্তার ফারাক। উদাহরণস্বরূপ, পদ্মা সেতু রেল সংযোগ প্রকল্প, গ্রেটার ঢাকা সাসটেইনেবল আরবান ট্রান্সপোর্ট (বিআরটি, গাজীপুর-এয়ারপোর্ট) প্রকল্পের মূল পরিকল্পনায় নতুন উপাদান যুক্ত করা হয়েছে, যার ফলে মোট ব্যয় উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে। একটি শক্তিশালী সম্ভাব্যতা সমীক্ষা কেবল একটি আনুষ্ঠানিকতা নয়; এটি অপ্রত্যাশিত ব্যয় বৃদ্ধির বিরুদ্ধে একটি রক্ষাকবচ। Task Force Report-এ দুর্বল সম্ভাব্যতা সমীক্ষার কারণে কয়েকটি গুরুত্বপূর্ণ অবকাঠামো উন্নয়ন প্রকল্পের সময় ও ব্যয় বৃদ্ধির বাস্তব উদাহরণ দেওয়া হয়েছে (সংযুক্তি-২)।

সংস্কার উদ্যোগের বর্ণনা

সম্ভাব্যতা সমীক্ষার নির্ভুলতা যাচাইয়ের জন্য এ বিষয়ে বিশেষজ্ঞদের সমন্বয়ে একটি স্বতন্ত্র কর্তৃপক্ষ প্রতিষ্ঠা করতে হবে;

সম্ভাব্যতা সমীক্ষাসংক্রান্ত স্বতন্ত্র কর্তৃপক্ষ প্রকল্পের সম্ভাব্যতা সমীক্ষা পর্যালোচনা করবে, সংশোধনের বিষয়ে পরামর্শ প্রদান করবে এবং সবশেষে অনুমোদন প্রদান করবে;

প্রকল্পের উদ্যোগি মন্ত্রণালয়/ বিভাগ পর্যায়ে প্রকল্প যাচাই করার পর Ministry Assessment Report প্রস্তুত করবে, তবে পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর ডিভিশনে প্রেরণের পূর্বে প্রকল্পের সম্ভাব্যতা যাচাই এবং অনুমোদনের জন্য স্বতন্ত্র কর্তৃপক্ষের নিকট প্রেরণ করতে হবে;

স্বতন্ত্র কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিরেকে কোন সম্ভাব্যতা সমীক্ষা গ্রহণযোগ্য হবে না এবং সরকারি বিনিয়োগ ব্যবস্থাপনার পরবর্তী ধাপ, অর্থাৎ পরিকল্পনা মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট সেক্টর ডিভিশনের PEC সভায় প্রেরণ করা যাবে না;

ভবিষ্যতে প্রকল্পের সম্ভাব্যতা সমীক্ষা সঠিক ও বাস্তবসম্মত ছিল না বলে প্রমাণিত হলে মন্ত্রণালয়/ বিভাগের পাশাপাশি স্বতন্ত্র কর্তৃপক্ষের জবাবদিহিতা থাকবে;

সম্ভাব্যতা সমীক্ষাসংক্রান্ত স্বতন্ত্র কর্তৃপক্ষ আইন প্রণয়ন।

সংস্কার উদ্যোগের প্রস্তাবিত পরিসংখ্যান

(ক) সংস্কার উদ্যোগের শিরোনাম: সরকারি বিনিয়োগের সুষ্ঠু ব্যবহার নিশ্চিতকল্পে প্রকল্পের সম্ভাব্যতা সমীক্ষা অনুমোদনের জন্য একটি স্বতন্ত্র কর্তৃপক্ষ প্রতিষ্ঠা।

(খ) কোন প্রতিষ্ঠান উদ্যোগটি বাস্তবায়ন করবে: অর্থ বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়।

(গ) বাস্তবায়ন সময়কাল: শুরু: নভেম্বর, ২০২৫ শেষ: সেপ্টেম্বর, ২০২৬।

(ঘ) প্রত্যাশিত উপকারভোগী: দেশের জনগণ।

সংস্কার উদ্যোগ বাস্তবায়নের সঙ্গে কারা কারা সম্পৃক্ত হবেন এবং তাদেরকে কীভাবে কাজে লাগানো যাবে

নীতি নির্ধারক পর্যায়

প্রধান উপদেষ্টার কার্যালয়
মন্ত্রিপরিষদ বিভাগ
অর্থ বিভাগ
পরিকল্পনা বিভাগ
জনপ্রশাসন মন্ত্রণালয়
লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ

কারিগরি ও বাস্তবায়ন পর্যায়

অর্থ বিভাগ: সরকারি অর্থের যথাযথ ব্যবহার নিশ্চিতকল্পে সংস্কার উদ্যোগটি গ্রহণ করা হবে বিধায় অর্থ বিভাগ কর্তৃক এ বিষয়ে একটি concept note প্রস্তুত করে মাননীয় অর্থ উপদেষ্টার অনুমোদনক্রমে পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য পরিকল্পনা মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে।

পরিকল্পনা বিভাগ: পরিকল্পনা বিভাগের কার্যপরিধির মধ্যে রয়েছে একাধিক মন্ত্রণালয়/বিভাগ সংশ্লিষ্ট অর্থনৈতিক নীতির সমন্বয় সাধন। সম্ভাব্যতা সমীক্ষাসংক্রান্ত স্বতন্ত্র কর্তৃপক্ষ আইন প্রণয়নের কার্যক্রম সম্পন্ন করা হবে এ বিভাগ থেকে।

প্রধান উপদেষ্টার কার্যালয়: সম্ভাব্যতা সমীক্ষাসংক্রান্ত স্বতন্ত্র কর্তৃপক্ষ প্রধান উপদেষ্টার কার্যালয়ের অধীনে তাদের কার্যক্রম পরিচালনা করবে।

সংস্কার উদ্যোগটি সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে বিস্তারিত কার্যক্রম

ক্রম	কার্যক্রম	কে বাস্তবায়ন করবে	বাস্তবায়নের নির্ধারিত সময়
১	অর্থ বিভাগ কর্তৃক সম্ভাব্যতা সমীক্ষাসংক্রান্ত স্বতন্ত্র কর্তৃপক্ষ বিষয়ে একটি concept note প্রস্তুত করে মাননীয় অর্থ উপদেষ্টার অনুমোদন গ্রহণ।	অর্থ বিভাগ	নভেম্বর-ডিসেম্বর, ২০২৫
২	সম্ভাব্যতা সমীক্ষাসংক্রান্ত স্বতন্ত্র কর্তৃপক্ষ প্রতিষ্ঠার বিষয়ে অবহিতকরণ ও মতামত গ্রহণের জন্য প্রধান উপদেষ্টার কার্যালয়, মন্ত্রিপরিষদ বিভাগ,জনপ্রশাসন মন্ত্রণালয়, পরিকল্পনা বিভাগ এবং লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের সমন্বয়ে আন্তঃমন্ত্রণালয় সভা করা।	অর্থ বিভাগ	জানুয়ারি, ২০২৬
৩	সম্ভাব্যতা সমীক্ষাসংক্রান্ত স্বতন্ত্র কর্তৃপক্ষ বিষয়ক concept note এবং আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণীসহ আইনের পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য পরিকল্পনা বিভাগে প্রেরণ।	অর্থ বিভাগ	ফেব্রুয়ারি, ২০২৬
৪	পরিকল্পনা বিভাগ আইনের খসড়া প্রণয়নের জন্য একটি কমিটি গঠন করবে।	পরিকল্পনা বিভাগ	মার্চ, ২০২৬
৫	পরিকল্পনা বিভাগ আইনের খসড়া প্রণয়ন করবে	পরিকল্পনা বিভাগ	এপ্রিল, ২০২৬
৬	পরিকল্পনা বিভাগ Rules of Business, Rule-10 অনুযায়ী আইনের সঙ্গে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগের লিখিত মতামত গ্রহণ করবে	পরিকল্পনা বিভাগ	মে, ২০২৬
৭	পরিকল্পনা বিভাগ Rules of Business, Rule-31A অনুযায়ী আইনের খসড়া নিজস্ব ওয়েবসাইটে প্রকাশ করে নির্ধারিত সময়সীমার মধ্যে জনমত যাচাই করবে।	পরিকল্পনা বিভাগ	মে, ২০২৬
৮	পরিকল্পনা বিভাগ আইনের খসড়ার উপর এক বা একাধিক আন্তঃমন্ত্রণালয় সভা এবং অংশীজন (stakeholder) সভার আয়োজন করবে	পরিকল্পনা বিভাগ	জুন, ২০২৬
৯	মন্ত্রিপরিষদ বিভাগের আইনের খসড়া পরীক্ষা নিরীক্ষা সংক্রান্ত কমিটিতে পরিকল্পনা বিভাগ খসড়াটি প্রেরণ করবে।	পরিকল্পনা বিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ	জুন, ২০২৬
১০	মন্ত্রিসভার নীতিগত অনুমোদনের জন্য আইনের খসড়া মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হবে।	পরিকল্পনা বিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ	জুলাই, ২০২৬
১১	লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের ভেটিং গ্রহণ করতে হবে।	পরিকল্পনা বিভাগ, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ	আগস্ট, ২০২৬
১২	মন্ত্রিসভার চূড়ান্ত অনুমোদনের জন্য আইনের খসড়া মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হবে।	পরিকল্পনা বিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ	সেপ্টেম্বর, ২০২৬
১৩	অর্থ বিল হলে অর্থ বিভাগে রাষ্ট্রপতির সুপারিশের জন্য প্রেরণ করতে হবে।	পরিকল্পনা বিভাগ, অর্থ বিভাগ	সেপ্টেম্বর, ২০২৬
১৪	সম্ভাব্যতা সমীক্ষাসংক্রান্ত স্বতন্ত্র কর্তৃপক্ষ বিল জাতীয় সংসদে উপস্থাপন করতে হবে।	পরিকল্পনা বিভাগ	সেপ্টেম্বর, ২০২৬

সংস্কার উদ্যোগটি এগিয়ে নিয়ে যাওয়া, এর বন্ধ হওয়া রোধ করা, অভীষ্ট গ্রুপের নিকট জনপ্রিয় করা, মনিটরিং কার্যক্রম ও রোলিং আউটসহ টেকসইকরণ বিষয়ে কী কী কৌশল গ্রহণ করা হবে

১. সংস্কার উদ্যোগটি এগিয়ে নিয়ে যাওয়া এবং এর বন্ধ হওয়া রোধে কৌশল

অর্থ বিভাগ কর্তৃক সম্ভাব্যতা সমীক্ষাসংক্রান্ত স্বতন্ত্র কর্তৃপক্ষ বিষয়ে concept note প্রস্তুত করার পর প্রধান উপদেষ্টার কার্যালয়, মন্ত্রিপরিষদ বিভাগ এবং পরিকল্পনা বিভাগসহ সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/ বিভাগের সঙ্গে আন্তঃমন্ত্রণালয় সভা করে সকলের মতামত যতদূর সম্ভব accommodate করতে হবে। বিশেষ করে পরিকল্পনা বিভাগের Ownership ব্যতীত সংস্কার উদ্যোগটি বাস্তবায়ন করা যাবে না। অপরদিকে, প্রধান উপদেষ্টার কার্যালয়ের অধীনে কর্তৃপক্ষের কার্যক্রম পরিচালিত হবে বিধায় তাদের মতামত খুবই গুরুত্বপূর্ণ। কর্তৃপক্ষের জনবল সংক্রান্ত বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের মতামত গ্রহণ করতে হবে।

২. মনিটরিং ও মূল্যায়ন ব্যবস্থা

সরকারি অর্থ ব্যয়ের যথাযথ ব্যবহার নিশ্চিতকল্পে সংস্কার উদ্যোগটি গ্রহণ করা হবে বিধায় অর্থ বিভাগ কর্তৃক আইন প্রণয়ন কার্যক্রম বাস্তবায়নের বিষয়টি মনিটরিং করতে হবে।

সম্ভাব্যতা সমীক্ষাসংক্রান্ত স্বতন্ত্র কর্তৃপক্ষ প্রতিষ্ঠাকল্পে প্রণীত আইনের খসড়া

যেহেতু সরকারি অর্থের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে সরকারি বিনিয়োগ ব্যবস্থাপনা অধিকতর কার্যকর করা প্রয়োজন,
যেহেতু সঠিক প্রকল্প যাচাইয়ের মাধ্যমে সরকারি অর্থের অপচয় রোধ করা সম্ভব হবে,
যেহেতু প্রকল্পের সম্ভাব্যতা সমীক্ষা প্রকল্পের মেরুদন্ড হিসেবে কাজ করে এবং সঠিকভাবে প্রণীত সম্ভাব্যতা সমীক্ষার উপর ভিত্তি করে প্রকল্প প্রণয়ন করা না হলে সরকারের ব্যয় বৃদ্ধি পায় এবং ঋণের ধারণক্ষমতা প্রত্যাশিত সীমা অতিক্রম করতে পারে,
যেহেতু সম্ভাব্যতা সমীক্ষার ভুল মূল্যায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে জবাবদিহিতার আওতায় আনা প্রয়োজন,
যেহেতু সম্ভাব্যতা সমীক্ষা যাচাইয়ের জন্য বিদ্যমান সরকারি কার্যালয়ের দক্ষতার অভাব রয়েছে,
যেহেতু একই দাতা সংস্থার অর্থায়ন এবং তাদের দ্বারা সম্ভাব্যতা সমীক্ষার কারণে সরকারি বিনিয়োগ ব্যবস্থাপনায় স্বচ্ছতা আনয়ন করা সম্ভব হচ্ছে না,
যেহেতু সম্ভাব্যতা সমীক্ষা যাচাইপূর্বক সংশোধন এবং অনুমোদন প্রদানের জন্য একটি স্বতন্ত্র ও পৃথক কর্তৃপক্ষ প্রতিষ্ঠা করা প্রয়োজন,
সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল:-

১. সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন -

এই আইন সম্ভাব্যতা সমীক্ষাসংক্রান্ত স্বতন্ত্র কর্তৃপক্ষ আইন, ২০২৬ নামে অবিহিত হইবে;
ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২. সংজ্ঞা – বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে এ আইনে-

কর্তৃপক্ষ" অর্থ ধারা ৩ এর অধীন প্রতিষ্ঠিত সম্ভাব্যতা সমীক্ষাসংক্রান্ত স্বতন্ত্র কর্তৃপক্ষ;
পরিচালনা পর্ষদ" অর্থ ধারা ৭ এর অধীন প্রতিষ্ঠিত পরিচালনা পর্ষদ;

"সদস্য" অর্থ পরিচালনা পর্ষদের কোনো সদস্য;

"প্রধান নির্বাহী কর্মকর্তা" অর্থ কর্তৃপক্ষের প্রধান নির্বাহী কর্মকর্তা;

"বিশেষজ্ঞ পরামর্শকদের ডিপেজিটরি" অর্থ ধারা ৩ এর অধীন প্রতিষ্ঠিত সম্ভাব্যতা সমীক্ষা পর্যালোচনায় দক্ষ পরামর্শকদের ডিপেজিটরি;

"সম্ভাব্যতা সমীক্ষা" অর্থ সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন নির্দেশিকা বা 'গ্রিনবুক'-এ সংজ্ঞায়িত সম্ভাব্যতা সমীক্ষা;

"প্রবিধান" অর্থ ধারা ১৯ এর অধীন প্রণীত কোনো প্রবিধান;

"বিধি" অর্থ ধারা ১৮ এর অধীন প্রণীত কোনো বিধি;

৩. আইনের প্রাধান্য - আপাতত বলবৎ অন্য কোনো আইনে ভিন্নতর যাহা কিছুই থাকুক না কেন, এই আইনের বিধানাবলি প্রাধান্য পাইবে।

৪. কর্তৃপক্ষ প্রতিষ্ঠা -

এই আইন কার্যকর হইবার সঙ্গে সঙ্গে, সম্ভাব্যতা সমীক্ষাসংক্রান্ত স্বতন্ত্র কর্তৃপক্ষ প্রতিষ্ঠিত হইবে।

কর্তৃপক্ষ একটি সংবিধিবদ্ধ সংস্থা হইবে এবং উহার স্থায়ী ধারাবাহিকতা ও একটি সাধারণ সিলমোহর থাকিবে এবং উহার স্থাবর ও অস্থাবর উভয় প্রকার সম্পত্তি অর্জন করিবার, অধিকারে রাখিবার এবং হস্তান্তর করিবার ক্ষমতা থাকিবে এবং উহা স্বীয় নামে মামলা দায়ের করিতে পারিবে এবং উহার বিরুদ্ধেও মামলা দায়ের করা যাইবে।

৫. কর্তৃপক্ষ এর কার্যালয় - অথরিটি এর কার্যালয় ঢাকায় থাকিবে।

৬. পরিচালনা ও প্রশাসন - অথরিটি এর সাধারণ পরিচালনা ও প্রশাসন পরিচালনা পর্ষদের উপর ন্যস্ত থাকিবে এবং অথরিটি যেই সকল ক্ষমতা প্রয়োগ ও কার্যসম্পাদন করিতে পারিবে পরিচালনা পর্ষদ সেই সকল ক্ষমতা প্রয়োগ ও কার্যসম্পাদন করিতে পারিবে।

৭. পরিচালনা পর্ষদ -

অথরিটি এর একটি পরিচালনা পর্ষদ থাকিবে, যাহা নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে গঠিত হইবে, যথা:-

মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, যিনি উহার সভাপতিও হইবেন;

প্রধান উপদেষ্টার সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, যিনি উহার সহ-সভাপতিও হইবেন;

মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক মনোনীত উহার অন্যূন যুগ্ম-সচিব পদমর্যাদার ১ (এক) জন প্রতিনিধি;

পরিকল্পনা বিভাগ কর্তৃক মনোনীত উহার অন্যূন যুগ্ম-সচিব পদমর্যাদার ১ (এক) জন প্রতিনিধি;

অর্থ বিভাগ কর্তৃক মনোনীত উহার অন্যূন যুগ্ম-সচিব পদমর্যাদার ১ (এক) জন প্রতিনিধি;

বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ কর্তৃক মনোনীত উহার অন্যূন যুগ্ম-সচিব পদমর্যাদার ১ (এক) জন প্রতিনিধি;

সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের অন্যূন যুগ্মসচিব পদমর্যাদার ১ (এক) জন প্রতিনিধি;

সংশ্লিষ্ট বেসরকারি প্রতিষ্ঠান বা Association-এর ২ (দুই) জন প্রতিনিধি;

সরকারি এবং বেসরকারি বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট বিষয়ের ২ (দুই) জন প্রতিনিধি; এবং

প্রধান নির্বাহী কর্মকর্তা, যিনি ইহার সদস্য-সচিবও হইবেন।

সরকার, প্রয়োজনে, সরকারি গেজেট প্রজ্ঞাপন দ্বারা, পরিচালনা পর্ষদের সদস্য সংখ্যা হ্রাস বা বৃদ্ধি করিতে পারিবে।

৮. পরিচালনা পর্ষদের সভা -

এই ধারার অন্যান্য বিধান সাপেক্ষে, পরিচালনা পর্ষদ উহার সভার কার্যপদ্ধতি নির্ধারণ করিবে।

প্রধান নির্বাহী কর্মকর্তা, পরিচালনা পর্ষদের সভাপতির সহিত পরামর্শক্রমে, পরিচালনা পর্ষদের সভা আহ্বান করিবেন এবং পরিচালনা পর্ষদের সভাপতি কর্তৃক নির্ধারিত তারিখ, সময় ও স্থানে অনুষ্ঠিত হইবে।

পরিচালনা পর্ষদের সভাপতি পরিচালনা পর্ষদের সভায় সভাপতিত্ব করিবেন এবং তাহার অনুপস্থিতিতে সহ-সভাপতি উক্ত সভায় সভাপতিত্ব করিবেন।

পরিচালনা পর্ষদের মাসে অন্যূন ১ (এক) টি সভা অনুষ্ঠিত হইবে এবং সংখ্যাগরিষ্ঠতার ভিত্তিতে সভার কোরাম গঠিত হইবে।

সভায় উপস্থিত সদস্যগণের সংখ্যাগরিষ্ঠ ভোটে পরিচালনা পর্ষদের সকল সিদ্ধান্ত গৃহীত হইবে, তবে ভোটের সমতার ক্ষেত্রে সভায় সভাপতিত্বকারী ব্যক্তির দ্বিতীয় বা নির্ণায়ক ভোট প্রদানের ক্ষমতা থাকিবে।

কোনো সদস্যের প্রত্যক্ষ অথবা পরোক্ষভাবে স্বার্থ রহিয়াছে এইরূপ বিষয়ে তিনি ভোট প্রদান করিতে পারিবেন না।

পরিচালনা পর্ষদের কোনো কার্য অথবা কার্যধারা কেবল পরিচালনা পর্ষদের কোনো সদস্য পদের শূন্যতা অথবা পরিচালনা পর্ষদ গঠনে ত্রুটি থাকিবার কারণে অবৈধ হইবে না এবং তৎসম্পর্কে কোনো প্রশ্ন উত্থাপন করা যাইবে না।

৯. কর্তৃপক্ষের দায়িত্ব ও কার্যাবলি -

সম্ভাব্যতা সমীক্ষা সংক্রান্ত নীতি, কৌশল ও আইনি কাঠামো প্রণয়ন;

কর্তৃপক্ষের পরিচালনা ও ব্যবস্থাপনা বিষয়ক নীতি প্রণয়ন,

কর্তৃপক্ষের সামগ্রিক কর্মকাণ্ড পর্যালোচনা এবং প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান;

সম্ভাব্যতা সমীক্ষার নির্ভুলতা যাচাই-এর জন্য বিশেষজ্ঞ পরামর্শকদের ডিপেজিটরি থেকে সেক্টরভিত্তিক বিশেষজ্ঞ প্যানেল প্রস্তুতকরণ;

মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত নতুন প্রকল্পের ডিপিপি-এর সম্ভাব্যতা সমীক্ষার নির্ভুলতা যাচাই-এর জন্য সেক্টরভিত্তিক বিশেষজ্ঞ প্যানেল-এর নিকট পর্যালোচনার জন্য প্রেরণ;

মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত নতুন প্রকল্পের ডিপিপি-এর সম্ভাব্যতা সমীক্ষা পর্যালোচনা করে সংশোধনের প্রয়োজন হলে সে বিষয়ে মন্ত্রণালয়কে পরামর্শ প্রদান;

মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত নতুন প্রকল্পের ডিপিপি-এর সম্ভাব্যতা সমীক্ষা পর্যালোচনাপূর্বক সঠিক বিবেচিত না হলে এবং Conflict of Interest প্রতিপাদ হলে নতুন সম্ভাব্যতা সমীক্ষাটি পরিচালনা পর্ষদকে অবহিত করে বাতিলপূর্বক মন্ত্রণালয়ে ফেরত পাঠানো;

মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত নতুন প্রকল্পের ডিপিপি-এর সম্ভাব্যতা সমীক্ষা পর্যালোচনাপূর্বক সঠিক বিবেচিত হলে পরিচালনা পর্ষদের অনুমোদনের জন্য উপস্থাপন;

মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত নতুন প্রকল্পের ডিপিপি-এর সম্ভাব্যতা সমীক্ষা পরিচালনা পর্ষদ কর্তৃক অনুমোদিত হলে পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর-ডিভিশনের প্রকল্প মূল্যায়ন কমিটিতে উপস্থাপনের জন্য মন্ত্রণালয়ে প্রেরণ;

সেক্টরভিত্তিক বিশেষজ্ঞ প্যানেল-এর কার্যক্রম সমন্বয়, ব্যবস্থাপনা ও তত্ত্বাবধান;

আদর্শ সম্ভাব্যতা সমীক্ষা প্রতিবেদনের নমুনা প্রস্তুতকরণ, অনুমোদন ও বিতরণ;

সম্ভাব্যতা সমীক্ষাসংক্রান্ত গাইডলাইন ও নির্দেশনাবলি প্রদান;

এই আইন-এর অধীন সেক্টরভিত্তিক বিশেষজ্ঞ প্যানেল-এর পরামর্শদের সেবা মূল্য নির্ধারণ এবং অর্থ বিভাগের অনুমোদনক্রমে চূড়ান্তপূর্বক আদেশ জারী;

সম্ভাব্যতা সমীক্ষাসংক্রান্ত তথ্য ও দলিল সংবলিত ওয়েবসাইট প্রস্তুত, উন্নয়ন, সংরক্ষণ ও পরিচালন;

সম্ভাব্যতা সমীক্ষাসংক্রান্ত দেশী ও বিদেশী বিশেষজ্ঞ পরামর্শকদের ডিপেজিটরি প্রস্তুতকরণ;

সম্ভাব্যতা সমীক্ষাসংক্রান্ত দেশী ও বিদেশী বিশেষজ্ঞ পরামর্শকদের ডিপেজিটরি হালনাগাদকরণ, সংরক্ষণ এ ওয়েবসাইটে প্রকাশ;
সম্ভাব্যতা সমীক্ষাসংক্রান্ত বিষয়ে বিশ্লেষণ, গবেষণা ও উন্নয়ন কার্যক্রম পরিচালনা;
সম্ভাব্যতা সমীক্ষাসংক্রান্ত বিষয়ে দেশে প্রশিক্ষণ প্রদান, আয়োজন ও সমন্বয়; এবং
সরকার কর্তৃক, সময় সময় অর্পিত সম্ভাব্যতা সমীক্ষাসংক্রান্ত অন্যান্য কার্যক্রম সম্পাদন।

১০. অথরিটি এর প্রধান নির্বাহী কর্মকর্তা -

অথরিটি এর একজন প্রধান নির্বাহী কর্মকর্তা থাকিবে।
(সম্ভাব্যতা সমীক্ষাসংক্রান্ত কাজে অভিজ্ঞ ব্যক্তির মধ্য হইতে সরকার কর্তৃক প্রধান নির্বাহী কর্মকর্তা নিযুক্ত হইবেন এবং তাহার চাকুরির শর্তাবলি সরকার কর্তৃক নির্ধারিত হইবে।
প্রধান নির্বাহী কর্মকর্তা অথরিটি এর সার্বক্ষণিক কর্মচারী হইবেন এবং এই আইনের দ্বারা নির্ধারিত দায়িত্ব সম্পাদন করিবেন।
প্রধান নির্বাহী কর্মকর্তা পরিচালনা পর্ষদের নিকট অথরিটি এর সার্বিক কর্মকান্ডের জন্য দায়ী থাকিবেন।
প্রধান নির্বাহী কর্মকর্তার পদ শূন্য হইলে কিংবা অনুপস্থিতি, অসুস্থতা বা অন্য কোনো কারণে প্রধান নির্বাহী কর্মকর্তা তাহার দায়িত্ব পালনে অসমর্থ হইলে শূন্যপদে নবনিযুক্ত প্রধান নির্বাহী কর্মকর্তা কার্যভার গ্রহণ না করা পর্যন্ত কিংবা প্রধান নির্বাহী কর্মকর্তা পুনরায় স্বীয় দায়িত্ব পালনে সমর্থ না হওয়া পর্যন্ত, সরকার কর্তৃক মনোনীত কোনো ব্যক্তি প্রধান নির্বাহী কর্মকর্তার দায়িত্ব পালন করিবেন।

১১. কর্মচারী নিয়োগ -

অথরিটি, উহার কার্যাবলি সুষ্ঠুভাবে সম্পাদনের উদ্দেশ্যে, সরকার কর্তৃক অনুমোদিত সাংগঠনিক কাঠামো সাপেক্ষে, প্রয়োজনীয় সংখ্যক কর্মচারী নিয়োগ করিতে পারিবে।
কর্মচারীদের চাকুরির শর্তাবলি প্রবিধান দ্বারা নির্ধারিত হইবে।

১২. বিশেষজ্ঞ পরামর্শকদের ডিপেজিটরি প্রস্তুতকরণ -

পরিচালনা পর্ষদ, উহার কার্যাবলি দক্ষতার সহিত সম্পাদনের উদ্দেশ্যে, সম্ভাব্যতা সমীক্ষাসংশ্লিষ্ট অভিজ্ঞ, পেশাদার ও বিশেষজ্ঞ ব্যক্তি/ প্রতিষ্ঠানদের সমন্বয়ে বিশেষজ্ঞ পরামর্শকদের ডিপেজিটরি প্রস্তুত করবে।
বিশেষজ্ঞ পরামর্শকদের ডিপেজিটরি ওয়েবসাইটে প্রকাশিত থাকবে এবং হালনাগাদ করা হবে।

১৩. সেক্টরভিত্তিক বিশেষজ্ঞ প্যানেল গঠন -

পরিচালনা পর্ষদ, বিশেষজ্ঞ পরামর্শকদের ডিপেজিটরি থেকে সেক্টরভিত্তিক বিশেষজ্ঞ প্যানেল গঠন করবে।
সম্ভাব্যতা সমীক্ষাসংক্রান্ত সেক্টরভিত্তিক বিশেষজ্ঞ প্যানেল মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত নতুন প্রকল্পের ডিপিপি-এর সম্ভাব্যতা সমীক্ষার নির্ভুলতা পর্যালোচনা ও যাচাই করবে এবং পরিচালনা পর্ষদকে সহায়তা করার জন্য এ বিষয়ে সুপারিশ প্রদান করবে;
অর্থ বিভাগের অনুমোদনক্রমে এবং PPR, 2025 অনুসরণপূর্বক সেক্টরভিত্তিক বিশেষজ্ঞ প্যানেল-এর পরামর্শদের সেবা মূল্য নির্ধারণ করতে হবে।

১৪. তহবিল -

১৪.১ এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, সম্ভাব্যতা সমীক্ষাসংক্রান্ত স্বতন্ত্র কর্তৃপক্ষ তহবিল নামে একটি তহবিল থাকিবে।

১৪.২ তহবিলে নিম্নরূপ উৎস হইতে প্রাপ্ত অর্থ জমা হইবে, যথা:-

সরকার কর্তৃক প্রদত্ত অনুদান;

সরকার কর্তৃক প্রদত্ত ঋণ;

সরকারের পূর্বানুমোদনক্রমে, কোনো বিদেশি সরকার অথবা দেশি বা বিদেশি কর্তৃপক্ষ, উন্নয়ন সহযোগী সংস্থা বা ব্যক্তি কর্তৃক প্রদত্ত আর্থিক সহায়তা বা অনুদান;

বিভিন্ন উৎস ও প্রতিষ্ঠান হইতে প্রাপ্ত ফি, সার্ভিস চার্জ এবং দরপত্র দলিল বিক্রয়মূল্যসহ বিপিপিএ এর নিজস্ব আয়;

কর্তৃপক্ষের সম্পদ বিক্রয় বা ভাড়া হইতে প্রাপ্ত অর্থ;

ব্যাংকে গচ্ছিত অর্থ হইতে প্রাপ্ত সুদ বা মুনাফা; এবং

অন্য কোনো বৈধ উৎস হইতে প্রাপ্ত অর্থ।

১৪.৩ কর্তৃপক্ষ তহবিলের অর্থ, পরিচালনা পর্ষদের অনুমোদনক্রমে, সরকার অনুমোদিত কোনো তফসিলি ব্যাংকে জমা বা স্থায়ী আমানতে বিনিয়োগ করিতে পারিবে এবং উক্ত তহবিল প্রবিধান দ্বারা নির্ধারিত পদ্ধতিতে পরিচালনা করিতে হইবে। ব্যাখ্যা। "তফসিলি ব্যাংক" অর্থ Bangladesh Bank Order, 1972 (P.O. No. 127 of 1972) এর article 2(j) তে সংজ্ঞায়িত কোনো Scheduled Bank.

১৪.৪ এই আইনের অধীন সম্পাদিত সকল কার্যসংক্রান্ত ব্যয়সহ অন্যান্য সকল দায়, সেক্টরভিত্তিক বিশেষজ্ঞ প্যানেল-এর পরামর্শদের সেবা মূল্য এবং প্রধান নির্বাহী ও কর্মচারীর বেতন, ভাতা ও আনুষঙ্গিক সকল ব্যয় তহবিল হইতে নির্বাহ করিতে হইবে।

১৫. বার্ষিক বাজেট বিবরণী - কর্তৃপক্ষ প্রতি অর্থ বৎসর সরকার কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে পরবর্তী অর্থ বৎসরের বার্ষিক বাজেট বিবরণী সরকারের অনুমোদনের জন্য সরকারের নিকট উপস্থাপন করিবে যাহাতে উক্ত অর্থ বৎসরের প্রাক্কলিত আয় ও ব্যয়ের হিসাব প্রদর্শিত হইবে।

১৬. হিসাব রক্ষণ ও নিরীক্ষা -

১৬.১ অথরিটি প্রতি অর্থ বৎসরে উহার আয়-ব্যয়ের যথাযথ হিসাব সংরক্ষণ করিবে এবং হিসাবের বার্ষিক বিবরণী প্রস্তুত করিবে।

১৬.২ প্রত্যেক অর্থ বৎসরে বাংলাদেশ মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অতঃপর মহা হিসাব-নিরীক্ষক বলিয়া উল্লিখিত, প্রত্যেক বৎসর কর্তৃপক্ষের হিসাব নিরীক্ষা করিবেন এবং এতদসংশ্লিষ্ট বিদ্যমান আইনের বিধান মোতাবেক নিরীক্ষা রিপোর্ট দাখিল করিবেন।

১৬.৩ Comptroller and Auditor-General (Additional Functions) Act, 1974 (Act No. XXIV of 1974) এর বিধান ক্ষুন্ন না করিয়া, Bangladesh Chartered Accountants Order, 1973 (President's Order No. 2 of 1973) এর article 2(1)(b) তে সংজ্ঞায়িত Chartered Accountant দ্বারা কর্তৃপক্ষের হিসাব নিরীক্ষা করা যাইবে এবং এতদুদ্দেশ্যে কর্তৃপক্ষ এক বা একাধিক Chartered Accountant নিয়োগ করিতে পারিবে।

১৬.৪ উপধারা (২) ও (৩) এর অধীন হিসাব নিরীক্ষার উদ্দেশ্যে, মহা হিসাব-নিরীক্ষক বা তাহার নিকট হইতে এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত কোনো ব্যক্তি বা, ক্ষেত্রমত, Chartered Accountant কর্তৃপক্ষের সকল রেকর্ড, দলিল-দস্তাবেজ, বার্ষিক ব্যালান্স শিট, নগদ বা ব্যাংকে গচ্ছিত অর্থ, জামানত, ভান্ডার এবং অন্যবিধ সম্পত্তি পরীক্ষা করিয়া দেখিতে পারিবেন এবং প্রধান নির্বাহী কর্মকর্তা অথবা অথরিটির অন্য যে কোনো কর্মকর্তা বা কর্মচারীকে জিজ্ঞাসা করিতে পারিবেন।

১৭. বার্ষিক প্রতিবেদন - কর্তৃপক্ষ প্রতি অর্থ বৎসরে উহার সম্পাদিত কার্যাবলির বিবরণ সংবলিত একটি বার্ষিক প্রতিবেদন উক্ত অর্থ বৎসর সমাপ্তির ১২০ (একশত বিশ) দিনের মধ্যে সরকারের নিকট পেশ করিবে।

১৮. চুক্তি সম্পাদন - কর্তৃপক্ষ ইহার কার্যাবলি সম্পাদনের লক্ষ্যে যে কোনো ব্যক্তি বা সংস্থার সহিত চুক্তি সম্পাদন করিতে পারিবে: তবে শর্ত থাকে যে, কোনো বিদেশি সরকার বা আন্তর্জাতিক সংস্থার সহিত চুক্তি সম্পাদনের ক্ষেত্রে সরকারের পূর্বানুমোদন গ্রহণ করিতে হইবে।

১৮. চুক্তি সম্পাদন - কর্তৃপক্ষ ইহার কার্যাবলি সম্পাদনের লক্ষ্যে যে কোনো ব্যক্তি বা সংস্থার সহিত চুক্তি সম্পাদন করিতে পারিবে: তবে শর্ত থাকে যে, কোনো বিদেশি সরকার বা আন্তর্জাতিক সংস্থার সহিত চুক্তি সম্পাদনের ক্ষেত্রে সরকারের পূর্বানুমোদন গ্রহণ করিতে হইবে।

১৯. পরিচালনা পর্ষদ এবং সেক্টরভিত্তিক বিশেষজ্ঞ প্যানেলের সদস্যদের জবাবদিহিতা -

১৯.১ এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, সরকার, সরকারি অর্থের যথাযথ ব্যবহার নিশ্চিতকল্পে পরিচালনা পর্ষদ এবং সেক্টরভিত্তিক বিশেষজ্ঞ প্যানেলের সদস্যদের জবাবদিহিতার আওতায় আনতে পারবে।

১৯.২ সেক্টরভিত্তিক বিশেষজ্ঞ প্যানেল কর্তৃক সুপারিশকৃত এবং পরিচালনা পর্ষদ কর্তৃক অনুমোদিত সম্ভাব্যতা সমীক্ষা যদি পরবর্তী সময়ে বা প্রকল্প বাস্তবায়ন পর্যায়ে যথাযথ ছিল না বলে প্রমাণিত হয়, সেক্ষেত্রে সেক্টরভিত্তিক বিশেষজ্ঞ প্যানেলের সদস্য এবং পরিচালনা পর্ষদের সদস্যদের দায়ী করে সরকারি আইনে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

২০. বিধি প্রণয়নের ক্ষমতা - এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, বিধি প্রণয়ন করিতে পারিবে:
তবে শর্ত থাকে যে, বিধি প্রণীত না হওয়া পর্যন্ত সরকার, আবশ্যক বিবেচনায়, সাধারণ অথবা বিশেষ আদেশ দ্বারা, এই আইনের সহিত সামঞ্জস্যপূর্ণ হওয়া সাপেক্ষে, প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করিতে পারিবে।

২১. প্রবিধান প্রণয়নের ক্ষমতা - এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, কর্তৃপক্ষ, সরকারের পূর্বানুমোদনক্রমে, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, প্রবিধান প্রণয়ন করিতে পারিবে।

২২. অসুবিধা দুরীকরণ - এই আইনের কোনো বিধান কার্যকর করিবার ক্ষেত্রে কোনো অস্পষ্টতা বা অসুবিধা দেখা দিলে সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই আইনের বিধানাবলির সহিত সঙ্গতিপূর্ণ হওয়া সাপেক্ষে, উক্তরূপ অস্পষ্টতা বা অসুবিধা দূর করিতে পারিবে।

২৩. ইংরেজিতে অনূদিত পাঠ প্রকাশ -

২৩.১ এই আইন কার্যকর হইবার পর সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই আইনের মূল বাংলা পাঠের ইংরেজিতে একটি অনূদিত নির্ভরযোগ্য পাঠ (Authentic English Text) প্রকাশ করিতে পারিবে।

২৩.২ বাংলা ও ইংরেজি পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে বাংলা পাঠ প্রাধান্য পাইবে।

মো: ফিরোজ আহমেদ
যুগ্ম সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সভার সিদ্ধান্ত গ্রহণ,বাস্তবায়ন ও মূল্যায়ন সংক্রান্ত নির্দেশিকা (SOP) প্রণয়নের কৌশল নির্ধারণ

সংস্কার উদ্যোগের শিরোনাম

প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন ও মূল্যায়ন সম্পর্কিত নির্দেশিকা প্রণয়নের কৌশল নির্ধারণ।

বাস্তবায়নকাল

নভেম্বর ২০২৫ হতে জানুয়ারী ২০২৬

বাস্তবায়নকারী প্রতিষ্ঠান

সমন্বয় অনুবিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ।

প্রেক্ষাপট

প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটি Rules of business, মন্ত্রণালয় / বিভাগসমূহের Allocation of business পরিবর্তন/ পরিমার্জন / সংশোধন, পদ সৃজন, পদ উন্নিতকরন, নীতিমালা/ নিয়োগ বিধিমালা/ প্রবিধানমালা প্রণয়ন ইত্যাদি বিষয়ে সুপারিশ করে থাকে। প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির গঠন ও কার্যপরিধি সংক্রান্ত পরিপত্র থাকলেও সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন ও মূল্যায়ন সংক্রান্ত কোন পরিপত্র বা নির্দেশিকা নেই। সিদ্ধান্ত প্রদানের পর সংশ্লিষ্ট মন্ত্রণালয় কে নিয়ে একটি সভা করা হয় যাতে সিদ্ধান্ত বাস্তবায়নের সম্পূর্ণ চিত্র পাওয়া যায় না। সম্পূর্ণভাবে সিদ্ধান্ত বাস্তবায়িত হলো কি না তা জানার কোন টুলস নেই। গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে দীর্ঘসূত্রিতা পরিলক্ষিত হয়। ফলে পদ সৃজন, জনবলের পদায়ন, পদোন্নতি ইত্যাদি বিলম্বিত হয়। নির্দেশিকার অভাবে জবাবদিহিতা, কর্মকর্তা কর্মচারীদের দক্ষতা ও যোগ্যতার অভাব পরিলক্ষিত হয় এবং সার্বিকভাবে জনসেবা বিঘ্নিত হচ্ছে।

সমস্যার বর্ণনা

সিদ্ধান্ত গ্রহণ ও বাস্তবায়নে ধীরগতি পরিলক্ষিত হয়। শূণ্যপদ পূরণ/ পদায়ন/ পদোন্নতি বিলম্বিত হয় এবং এতে প্রশাসনিক জটিলতা তৈরী হয়। কখন কে কি কাজ করবে তা স্পষ্টভাবে বলা নেই। সিদ্ধান্তসমূহ মূল্যায়ন করা সম্ভব হয় না এতে সিদ্ধান্তসমূহের ভুল ত্রুটি উদঘাটন করা সম্ভব হয় না। সার্বিকভাবে জনসেবা বিঘ্নিত হয়।

লক্ষ্য ও উদ্দেশ্য

সভা আয়োজন সহজ ও ফলপ্রসূ করা। Time, Cost, Visit কমানো। সভার সিদ্ধান্তসমূহ নির্ধারিত সময়ে ও সঠিকভাবে বাস্তবায়ন করা। কর্মকর্তা/ কর্মচারীদের দক্ষতা ও যোগ্যতা বৃদ্ধি করা। পদ সৃজন, জনবলের পদায়ন,পদোন্নতি ইত্যাদি যথাসময়ে সম্পন্ন করা। সিদ্ধান্তসমূহের অগ্রগতি ও মূল্যায়ন করা। সর্বোপরি সভাটির সিদ্ধান্তসমূহ গ্রহণ বাস্তবায়ন প্রক্রিয়াকে দ্রুত, কার্যকরী ও জবাবদিহিতা তৈরী করে ফলপ্রসূ ও জনসেবা বৃদ্ধি করা।

সহযোগী মন্ত্রণালয়/ বিভাগ

জনপ্রশাসন মন্ত্রণালয়, অর্থ বিভাগ এবং তথ্যও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।

পাইলট পরিকল্পনা বাস্তবায়নের সাথে সম্পৃক্ত প্রতিষ্ঠান/ অংশীজন এবং তাদের ভূমিকা

স্টেকহোল্ডার	মূল ভূমিকা
জনপ্রশাসন মন্ত্রণালয়	পরামর্শ/ মতামত প্রদান
অর্থ বিভাগ	পরামর্শ/ মতামত প্রদান
তথ্যও যোগাযোগ প্রযুক্তি বি ভাগ	পরামর্শ/ মতামত প্রদান
প্রশিক্ষক	প্রশিক্ষণ প্রদান
প্রশিক্ষণার্থী	প্রশিক্ষণ গ্রহন

রিসোর্স মোবিলাইজেশন

বাজেট বরাদ্দে উদ্যোগ গ্রহণ। প্রশিক্ষণ প্রদানে উদ্যোগ গ্রহণ। প্রশিক্ষণ প্রদানের জন্য- প্রশিক্ষক তৈরি করা। প্রশিক্ষণার্থী বাছাই করা। Training Module তৈরি করা। Training Logistics- ট্রেনিং ম্যানু, ব্যাগ, কলম, ল্যাপটপ/ ডেস্কটপ ইত্যাদি সংগ্রহ করা।

বিস্তারিত কার্যক্রম

ধাপ	কার্যক্রম	সময়সীমা	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১	প্রাথমিক পরামর্শ ও অনুমোদন গ্রহণ	১ সপ্তাহ	সমন্বয় অনুবিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ
২	প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির বিভিন্ন সভায় নিয়মিত ভাবে অংশগ্রহণ করেছেন এমন কর্মকর্তাদের সঙ্গে মতবিনিময়	৪ সপ্তাহ	সমন্বয় অনুবিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ
৩	SOP র খসড়া ও কাঠামো প্রণয়ন	১ সপ্তাহ	সমন্বয় অনুবিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ
৪	প্রশিক্ষক ও প্রশিক্ষণার্থী নির্ধারণ	২ সপ্তাহ	সমন্বয় অনুবিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ (অর্থ বিভাগ ও জনপ্রশাসন মন্ত্রণালয়ের সহায়তায়)
৫	বাজেট বরাদ্দকরণ	১ সপ্তাহ	মন্ত্রিপরিষদ বিভাগ
৬	SOP র খসড়ার উপর অংশীজনদের মতামত গ্রহন	২ সপ্তাহ	সমন্বয় অনুবিভাগ ,মন্ত্রিপরিষদ বিভাগ,
৭	SOP চূড়ান্ত অনুমোদন ও বাস্তবায়ন	১ সপ্তাহ	সমন্বয় অনুবিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ

পরিবর্তন ব্যবস্থাপনা কৌশল

নেতৃত্ব ও সমন্বয় : মন্ত্রিপরিষদ বিভাগ কেন্দ্রীয় ভূমিকা পালন করবে।

অংশগ্রহনমূলক দৃস্টিভঙ্গি : সংস্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগসমূহকে সম্পৃক্ত রাখা হবে।

যোগাযোগ কৌশল : পাক্ষিক ফিডব্যাক ও রিপোর্ট আদান প্রদান।

উদ্ভাবন : ই-ড্যাশবোর্ডের মাধ্যমে অগ্রগতি ট্র্যাকিং ও রিপোর্টিং।

পরিবর্তনের ধারা

নির্দেশিকা প্রণয়ন > প্রশিক্ষণ > SOP প্রয়োগ > ফলোআপ ও মূল্যায়ন > ক্রমাগত উন্নয়ন ও জবাবদিহিতা বৃদ্ধি

বাস্তবায়ন ও মূল্যায়ন পদ্ধতি

পাক্ষিক মূল্যায়ন রিপোর্ট।

ছয়মাস অন্তর-অন্তর মূল্যায়ন সভা করা।

রিপোর্টসমূহ Report management system এ গ্রহণ ও সংরক্ষণ।

ঝুকি ও প্রশমন

SOP অনুসরণে অনাগ্রহ- প্রশিক্ষণ ও প্রনোদনা প্রদান।

বাজেট সীমাবদ্ধতা-মন্ত্রিপরিষদ বিভাগ হতে বাজেট বরাদ্দকরণ।

প্রযুক্তিগত দুর্বলতা-তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ হতে সহায়তা গ্রহণ।

পরিবর্তন প্রতিরোধ-অংশগ্রহনমূলক পরিকল্পনা ও নেতৃত্ব।

টেকসইকরণের কৌশল

মন্ত্রিপরিষদ বিভাগ হতে মন্ত্রণালয় বিভাগসমূহকে এই নির্দেশিকা অনুযায়ী কার্যক্রম পরিচালনা করার জন্য নির্দেশনা জারী করতে হবে এবং মন্ত্রণালয়/ বিভাগসমূহকেও তাদের অধস্থন প্রতিষ্ঠানগুলোকে নির্দেশনা পালন করার জন্য নির্দেশনা প্রদানের জন্য বলা হবে। প্রতি ২ বছর পর পর স্টেকহোল্ডাদের সাথে পরামর্শক্রমে এ নির্দেশিকার ত্রুটিচ্যুতি চিহ্নিত করে উন্নয়ন সাধন করতে হবে। এ কর্মকান্ডের সাথে সম্পৃক্ত কর্মকর্তা/ কর্মচারীদের বাস্তব অভিজ্ঞগতা ও মতামতের ভিত্তিতে উন্নয়ন সাধন করতে হবে। সংস্লিষ্ট কর্মকর্তা/ কর্মচারিদের এই নির্দেশিকার বিষয়ে নিয়মিত ৬ মাস পর পর প্রশিক্ষণ দিতে হবে। ইলেকট্রোনিক সংস্করণ চালু করা যেতে পারে। এই প্রশিক্ষণ প্রদানসহ অন্যান্য বিষয়ের জন্য বাজেট বরাদ্দ করতে হবে।

কাজী আব্দুর রায়হান
যুগ্ম সচিব
কৃষি মন্ত্রণালয়

বীজ কার্যক্রম পরিকল্পনা ও মূল্যায়ন ব্যবস্থার উন্নয়ন

প্রেক্ষাপট

বাংলাদেশের কৃষি উৎপাদন বৃদ্ধিতে মানসম্মত বীজ সরবরাহ অত্যন্ত গুরুত্বপূর্ণ। কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) প্রতি বছর বিভিন্ন জাতের বীজ উৎপাদন, সংরক্ষণ ও বিতরণ কার্যক্রম পরিচালনা করে। বিএডিসি কর্তৃক উৎপন্ন বীজের মানের প্রতি কৃষকগণ আস্থাশীল এবং এ বীজ জাতীয় খাদ্য উৎপাদন বৃদ্ধিতে ভূমিকা রাখছে।

তবে, বীজ কার্যক্রমের পরিকল্পনা, বাস্তবায়ন ও মনিটরিং কাঠামো এখনো সুনির্দিষ্ট নয়। কার্যক্রম প্রস্তাব প্রণয়নে একীভূত ছকের অভাবে লক্ষ্য, ফলাফল ও আর্থিক পরিকল্পনায় অস্পষ্টতা রয়েছে। এর ফলে বাজেট ব্যবস্থাপনা, সম্পদের ব্যবহার ও ফলাফল নিরূপণে দুর্বলতা দেখা দেয়। মনিটরিং ও মূল্যায়ন প্রক্রিয়া ফলাফলভিত্তিক না হওয়ায় বাস্তব অগ্রগতি যথাযথভাবে পরিমাপ করা সম্ভব হয় না।

এই বাস্তবতায় "বীজ কার্যক্রম পরিকল্পনা ও মূল্যায়ন ব্যবস্থার উন্নয়ন" সংস্কার উদ্যোগটি নেওয়া হয়েছে, যা কাঠামোগত পরিকল্পনা, লক্ষ্যভিত্তিক সূচক নির্ধারণ এবং ফলাফলভিত্তিক মনিটরিংয়ের মাধ্যমে বীজ কার্যক্রমকে দক্ষ, স্বচ্ছ ও তথ্যনির্ভর ব্যবস্থাপনায় রূপান্তর করবে।

গভর্নেন্স সমস্যার বর্ণনা: কারণ ও ফলাফল

বিএডিসি কর্তৃক গৃহীত বীজ কার্যক্রম গুলির পরিকল্পনা কাঠামোগত দুর্বলতা, সমস্যাটির কারণ ও ফলাফল তুলে ধরা হল:

সমস্যা	কারণ	ফলাফল
১. পরিকল্পনা প্রস্তাব ছকের অনুপস্থিতি	একীভূত পরিকল্পনা ছক না থাকায় লক্ষ্য ও ফলাফল অস্পষ্ট	মনিটরিং দুর্বল হয়, তথ্যভিত্তিক মূল্যায়ন ব্যাহত হয়
২. জবাবদিহিতা সংস্কৃতির অভাব	মনিটরিংকে অনেক সময় শাস্তিমূলকভাবে দেখা হয়	কর্মকর্তাদের মধ্যে বিরূপ মনোভাব ও তথ্য প্রদানে অনীহা দেখা যায়
৩. দক্ষতা মূল্যায়নের সূচক নেই	পারফরম্যান্স নির্ধারণের সূচক নির্দিষ্ট নয়	কর্মদক্ষতা ও প্রাতিষ্ঠানিক অগ্রগতি মূল্যায়ন সম্ভব হয় না
৪. দুর্বল মনিটরিং ফ্রেমওয়ার্ক	যাচাই ও অনুসরণ পদ্ধতি অপর্যাপ্ত	মাসিক প্রতিবেদন বাস্তব পরিস্থিতির যথাযথ প্রতিফলন হয় না

৫. ইন্টারনাল ইভালুয়েশন বন্ধ	অভ্যন্তরীণ মূল্যায়ন কাঠামো বিলুপ্ত	প্রকৃত অগ্রগতি ও চ্যালেঞ্জ শনাক্ত হয় না
৬. সমন্বয়হীনতা	বীজ বিভাগ, অর্থ বিভাগ ও প্রশাসন বিভাগের মধ্যে তথ্য বিনিময় দুর্বল	পুনরাবৃত্তি কাজ ও ব্যয় বৃদ্ধি পায়, কেন্দ্রীয় নিয়ন্ত্রণ দুর্বল
৭. অনলাইন ডেটা ব্যবস্থাপনার অভাব	ডেটাবেইজ ও সফটওয়্যার ব্যবহারের সীমাবদ্ধতা	তথ্য বিশ্লেষণ দুর্বল, সিদ্ধান্ত গ্রহণ বিলম্বিত হয়
৮. ব্যয়কেন্দ্রিক মানসিকতা	আর্থিক অগ্রগতিকে বাস্তব সাফল্য হিসেবে দেখা হয়	ভৌত অগ্রগতি ও ফলাফল উপেক্ষিত থাকে

সংস্কার উদ্যোগের বর্ণনা: সমাধান ও প্রত্যাশিত ফলাফল

বীজ কার্যক্রম পরিকল্পনা ও মূল্যায়ন ব্যবস্থার সমস্যার সঙ্গে সামঞ্জস্য রেখে সমাধান ও প্রত্যাশিত ফলাফল বর্ণনা করা হলো:

(ক) বীজ কার্যক্রম পরিকল্পনা ছক নির্ধারণ

বীজ কার্যক্রম পরিকল্পনার একটি ছক প্রণয়ন করা হবে যাতে বিগত বছরের অর্জন, বর্তমান কোডওয়ারী ভৌত ও আর্থিক লক্ষ্যমাত্রা, বাস্তবায়ন কৌশল, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের সুনির্দিষ্ট দায়িত্বের তালিকা ইত্যাদি অন্তর্ভুক্ত থাকবে;

(খ) কর্মসম্পাদন সূচক নির্ধারণ:

কর্মসম্পাদন সূচক নির্ধারণ করা হবে যাতে পদ্ধতিগত মনিটরিং নিশ্চিত করা সম্ভব হয়;

(গ) মনিটরিং ফ্রেমওয়ার্ক প্রস্তুত করা

একটি মনিটরিং কাঠামো প্রস্তুত করা হবে;

(ঘ) দক্ষতা বৃদ্ধি ও দৃষ্টিভঙ্গি পরিবর্তনের জন্য প্রশিক্ষণ

বাস্তবায়নে সম্পৃক্ত জনবলকে প্রশিক্ষণ প্রদান ও মতবিনিময় সভা করা হবে, যাতে তারা বিশ্লেষণ দক্ষতা অর্জন করবে এবং এর মাধ্যমে নতুন পদ্ধতি দ্রুত গ্রহণ সহজ হবে যা উদ্যোগের কার্যকারিতা ও টেকসইতা নিশ্চিত করবে;

(ঙ) জবাবদিহিমূলক সংস্কৃতি

বীজ কার্যক্রম সংশ্লিষ্ট অংশীজনদের মধ্যে উদ্যোগটির উপকারিতা সম্পর্কে আলোচনা সভা, কর্মশালা ও পুরস্কার প্রদান ব্যবস্থা চালু করা হবে। এতে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণ মনিটরিংকে উন্নয়ন সহায়ক হিসেবে দেখবেন যার ফলে জবাবদিহি ও স্বচ্ছতা সংস্কৃতি গড়ে উঠবে ও তথ্য প্রদানে অনীহা দূর হবে।

(চ) গাইডলাইন প্রস্তুত

একটি লিখিত গাইড লাইন করা হবে যাতে সমগ্র উদ্যোগটির বাস্তবায়ন কৌশলের বর্ণনা থাকবে।

সংস্কার উদ্যোগের প্রস্তবিত পরিসংখ্যান

পাইলট সংস্কার উদ্যোগের শিরোনাম:
'বীজ কার্যক্রম পরিকল্পনা ও মূল্যায়ন ব্যবস্থার উন্নয়ন'

বাস্তবায়নকারী প্রতিষ্ঠান:
বীজ বিভাগ, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি), বাজেট অধিশাখা, কৃষি মন্ত্রণালয়।

সহযোগী প্রতিষ্ঠান:
বাজেট অনুবিভাগ, অর্থ বিভাগ।

পাইলটিং স্থান:
বিএডিসির একটি বীজ কার্যক্রম, ঢাকা।

পাইলটিং এর যৌক্তিকতা:
বীজ উৎপাদন, সরবরাহ ও বিতরণে একটি একীভূত পরিকল্পনা কাঠামো ও স্বচ্ছ মূল্যায়ন ব্যবস্থা প্রবর্তনের মাধ্যমে বাস্তবায়ন দক্ষতা, জবাবদিহিতা এবং ফলাফলভিত্তিক অগ্রগতি নিশ্চিত করা।

সময়সীমা:
০১ নভেম্বর ২০২৫ হতে ৩০ জানুয়ারি ২০২৬।

সম্ভাব্য ফলাফল:
পরিকল্পনা ও মনিটরিংয়ের জন্য একটি মানসম্মত কাঠামো প্রবর্তিত হবে। বাজেট ব্যবহারে দক্ষতা ও স্বচ্ছতা বাড়বে এবং ফলাফল পরিমাপযোগ্য হবে এবং তথ্যনির্ভর সিদ্ধান্ত গ্রহণ সহজ হবে। বাজারে মানসম্পন্ন বীজের সরবরাহ বৃদ্ধি পাবে, একক ব্যয় কমবে এবং কৃষকের উৎপাদনশীলতা বাড়বে।

অংশীজন ও সম্পৃক্ততা কৌশল

পাইলটিং-এ বিভিন্ন অংশীজনকে যুক্ত করা হবে। তাদের ভূমিকা ও কাজে লাগানোর কৌশল নিম্নরূপ:

কৃষি মন্ত্রণালয়ের বাজেট ও মনিটরিং অধিশাখা :
পাইলটিং টিম গঠন ও পরিকল্পনা চূড়ান্তকরণ, নীতি অনুমোদন, অংশীজনের সাথে আলোচনা এবং বাজেট শাখা ও মনিটরিং শাখাকে সম্পৃক্তকরণ ও ফলাফল পর্যালোচনার দায়িত্ব পালন করবে। পাইলটিং কার্যক্রমের সফলতা এ অধিশাখার উদ্যোগ ও বাস্তবায়ন কৌশলের উপর বহুলাংশে নির্ভারশীল।

বীজ বিভাগ, বিএডিসি :
পরিকল্পনা ও মনিটরিং ফ্রেমওয়ার্ক নির্মানে সহায়তা প্রদান ও বাস্তবায়ন। এদেরকে প্রকল্পের অগ্রগতি ও সিদ্ধান্ত সম্পর্কে অবহিত রাখতে হবে।

বিএডিসি'র ফিনান্স বিভাগ:
বাজেট কর্মপরিকল্পনার বীজ বিভাগ ও মন্ত্রণালয়ের সংযোগ সৃষ্টি করা। এদেরকে তহবিল ও বাজেট সংক্রান্ত তথ্য সংগ্রহে উৎসাহ দিয়ে হবে।

প্রকল্প বাস্তবায়ন ইউনিট ও বীজ কার্যক্রমে ইউনিটসমূহ:
মাঠপর্যায়ে উপকারভোগীর তথ্য সংগ্রহ করবে ও পাইলটিংয়ে সুপারিশকৃত পদ্ধতি পরীক্ষণ এবং চূড়ান্ত পদ্ধতি বাস্তবায়ন করবে। এদের কার্যক্রম নিয়মিত তদারকি করতে হবে।

সম্পদ ব্যবহারের পরিকল্পনা:
এ কার্যক্রমে কোন অর্থ বরাদ্দের প্রয়োজন হবে না। নিয়মিত বাজেট হতে সভা, প্রশিক্ষণ, পরিদর্শন ব্যয় নির্বাহ করা হবে।

মানবসম্পদ:
বিদ্যমান জনবল দিয়ে কার্যক্রমটি সম্পন্ন করা হবে।

সময়াবদ্ধ বাস্তবায়ন পরিকল্পনা

নং	কার্যক্রম	বাস্তবায়নকারী	নির্ধারিত সময়	মন্তব্য
১	পাইলটিং কার্যক্রম সম্পর্কে কর্তৃপক্ষকে অবহিতকরণ ও টিম গঠন	বাজেট অধিশাখা, কৃষি মন্ত্রণালয়	২ নভেম্বর ২০২৫	কার্যক্রমের সূচনা ও দায়িত্ব বণ্টন
২	টিমের সাথে সভা ও কর্মপরিকল্পনা পর্যালোচনা এবং চূড়ান্তকরণ	বাজেট অধিশাখা, কৃষি মন্ত্রণালয়	৩ নভেম্বর ২০২৫	প্রাথমিক কর্মপরিকল্পনা ও সময়রেখা নির্ধারণ
৩	কর্মপরিকল্পনা অনুমোদন	সচিব, কৃষি মন্ত্রণালয়	৬ নভেম্বর ২০২৫	নীতিগত অনুমোদন গ্রহণ
